



দা য়ি ত্ব শী ল দে র দৈ নি ক

দেশ রূপান্তর

০৮-১০-২০২৩, অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান।

ডক্টর এস আর লস্কর লাইব্রেরি, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি তিন দিনব্যাপী 'ওয়েবমেট্রিক্স, ইনফরমেট্রিক্স এবং সায়েন্টমেট্রিক্স'র ওপর ১৭তম আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছে। 'কোলনেট সোসাইটি ফর লাইব্রেরি প্রফেশনালস' এবং স্পেশাল লাইব্রেরি অ্যাসোসিয়েশন, এশিয়া কমিউনিটি' এর সহযোগিতায় সম্মেলনটি আয়োজন করা হয়। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান শুক্রবার (৮ ডিসেম্বর) উডট বিশ্ববিদ্যালয়ের 'মঞ্জুর এলাহী' অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। সম্মেলনটি চলবে আগামী ১০ ডিসেম্বর পর্যন্ত। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন, এবং সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা, সৈয়দ মঞ্জুর এলাহী। তিনি বলেন, 'কনফারেন্সের আলোচ্য বিষয় ওয়েবোমেট্রিক্স, ইনফরমেট্রিক্স এবং সায়েন্টমেট্রিক্স বর্তমান ডিজিটাল যুগে জ্ঞান, গবেষণা এবং তথ্যের প্রভাব বোঝার এবং মূল্যায়ন করার ক্ষেত্রে অনেক গুরুত্বপূর্ণ। এই সম্মেলন শিক্ষাবিদ, গ্রন্থাগারিক, তথ্য প্রযুক্তি পেশাজীবী এবং নীতিনির্ধারকদের গবেষণা কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য একটি মূল্যবান প্ল্যাটফর্ম হয়ে থাকবে।'

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শামস রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ডক্টর বার্ড মার্কশেফেল, সিনিয়র গবেষক, তথ্য ও জ্ঞান ব্যবস্থাপনা বিভাগ, টেকনিশে ইউনিভার্সিটি, জার্মানি। সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন চীনের ডালিয়ান ইউনিভার্সিটি অফ টেকনোলজি, এবং ফ্রান্সের স্ট্রাসবার্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জিন—চার্লস ল্যামিরেল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন এবং গ্রন্থাগারিক (ইনচার্জ) ড. দিলারা বেগম।